

ছাত্রসংগঠন হইতে সন্ত্রাসীদের বহিষ্কার করুন : শিক্ষা পরিবেশ পরিষদ

ঢাকা বিশ্ববিদ্যালয় : আজ সকল হল খুলিবে

(ইত্তেফাক রিপোর্ট)
১৫ দিনের ছুটি শেষে আজ (শুক্রবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের

হলসমূহ খুলিবে। অনাবাসিক ও বহিরাগতদের হলে প্রবেশের অনুমতি দেওয়া হইবে না। আবাসিক ছাত্র-ছাত্রীদের হলে প্রবেশের সময় হল কর্তৃপক্ষকে পরিচয়পত্র দেখাইতে হইবে। এদিকে ক্যাম্পাসে সূচু পরিবেশ রক্ষার জন্য গতকাল ঢাকা (শেষ পৃ: ৬-এর ক:স্র:)

ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পৃ: পর)

বিশ্ববিদ্যালয় শিক্ষা পরিবেশ পরিষদের এক সভা অনুষ্ঠিত হয়। ভিসি প্রফেসর মনিকজ্জামান মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত এই (২য় পৃ: ১-এর ক:স্র:)

ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পৃ: পর)

সভায় সম্মানসূক্ত ক্যাম্পাস প্রতিষ্ঠার লক্ষ্যে অবৈধ অস্ত্রধারী ও সন্ত্রাসীদের ছাত্র সংগঠন হইতে বহিষ্কারের আহ্বান জানান হয়। সভায় বলা হয়, অস্ত্রের জোরে বা সন্ত্রাসী কার্যকলাপের মাধ্যমে সাংগঠনিক প্রভাব বিস্তারের চেষ্টা অব্যাহত থাকিলে ক্যাম্পাস মোটেই সম্মানসূক্ত হইবে না। সভার সিদ্ধান্ত অনুযায়ী ক্যাম্পাসে সন্ত্রাসী কার্যকলাপে জড়িতদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেওয়ার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান হয়। একই সাথে অবৈধ অস্ত্রধারী, বহিরাগত ও সন্ত্রাসীদের বিরুদ্ধে আইন গত ব্যবস্থা নেওয়ার জন্য সরকারের হস্তক্ষেপ কামনা করা হয়। সভায় ২০শে জুন ক্যাম্পাসে সূচু সন্ত্রাসী ঘটনায় পুলিশ ও বিডিআর-এর ভূমিকার নিন্দা করা হয় এবং ছাত্রনেতা মাহবুব হত্যাকাণ্ডে গভীর শোক প্রকাশ করা হয়।

প্রশাসনিক ভবনে প্রায় ৩ ঘন্টা স্থায়ী এই সভায় ছাত্রদল, ছাত্রলীগ (আ-অ), ছাত্রলীগ (না-শা), জাতীয় ছাত্রলীগ, ছাত্রমৈত্রী, ছাত্র ইউনিয়ন, গণতান্ত্রিক ছাত্র ইউনিয়ন, ছাত্র ফেডারেশনসহ বিভিন্ন ছাত্র সংগঠনের কেন্দ্রীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

গতকাল একটি সভা জানায়, ১৫ দিনের ছুটিতে কর্তৃপক্ষ বিভিন্ন ছাত্র সংগঠনের সহিত একাধিক-

বার সভায় মিলিত হন। সকল ছাত্র সংগঠনই সন্ত্রাস দমনের পক্ষে বক্তব্য রাখে। এতদসঙ্গেও ক্যাম্পাসের অভ্যন্তরীণ পরিস্থিতি শঙ্কামুক্ত নয়। বিশেষ করিয়া মাহবুব হত্যাকাণ্ডের কারণে দুই ছাত্র সংগঠনের কর্মী পর্যায়ে উত্তেজনা অব্যাহত রহিয়াছে।

আজ হইতে পুনরায় ক্যাম্পাসে পুলিশ প্রহরা জোরদার করা হইবে। আগামীকাল (শনিবার) হইতে ক্লাশ শুরু হইবে।

কর্তৃপক্ষের অনুমতি লাগিবে

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আগামী ১ সপ্তাহে ক্যাম্পাসে সভা, সমাবেশ, মিছিল করার সময় ছাত্র সংগঠনসমূহকে সংযত আচরণ করার আহ্বান জানাইয়াছেন। এই সময়ের মধ্যে ক্যাম্পাসে সমাবেশ করিতে হইলে প্রক্টরের অনুমতি নিতে হইবে বলিয়া জানানো হইয়াছে।

৩৫

৫